

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.০২৬.০০৬.১৮.৭৬৭

তারিখ : ১৬ বৈশাখ ১৪৩৩  
২৯ এপ্রিল ২০২৬

বিষয় : সিলেট জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় টিওএন্ডইভুক্ত দুটি জিপ গাড়ি প্রতিস্থাপন সংক্রান্ত।


সূত্র : স্মারক নম্বর : ৪৬.৬০.৯১০০.০০৬.০১.১৫০.২৬-৮০৮; তারিখ : ০১/০৪/২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের উদ্ভূত পরিস্থিতিতে সিলেট জেলা পরিষদের দুটি পাজেরো স্পোর্টস জীপগাড়িতে অগ্নি সংযোগ করা হয়। এর অনুবৃত্তিক্রমে দুটি জীপগাড়ি প্রতিস্থাপনের নিমিত্ত ২০২৪-২৫ অর্থবছরে অন্যান্য সংস্থাপন ব্যয়ের যানবাহন ক্রয় খাতে ৩৫০.০০ লক্ষ (তিন কোটি পঞ্চাশ লক্ষ) টাকা এফডিআর করে রাখা হয়েছে এবং চলতি অর্থবছরে নিজস্ব বাজেটে উক্ত খাতে ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকার সংস্থান রাখা হয়েছে। ফলে দুটি জীপগাড়ি প্রতিস্থাপনের জন্য ৪০০.০০ লক্ষ (চার কোটি) টাকার সংস্থান রয়েছে।

২। বর্তমানে সিলেট জেলা পরিষদের গৃহীত উন্নয়ন প্রকল্প সমূহের মাঠ পর্যায়ের পরিদর্শন ও তদারকির জন্য কোন গাড়ী নেই। ফলে জরুরীভিত্তিতে দাপ্তরিক অগানোগ্রামভুক্ত দুটি জিপ গাড়ি প্রয়োজন। প্রতিষ্ঠানের গুরুত্ব বিবেচনায় উপজেলা পরিষদের চেয়ারম্যান ও সিনিয়র সহকারী কমিশনার পদমর্যাদার উপজেলা নির্বাহী অফিসারের জন্য পাজেরো স্পোর্টস জীপগাড়ি প্রদান করা হচ্ছে। এক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে ওয়ারেন্ট অব প্রিসিডেন্স, ১৯৮৬ (সংশোধিত, ২০২০)-এ ২৪ সালে অন্তর্ভুক্ত জেলা পরিষদের প্রশাসক/চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে কর্মরত ২৫ ধাপে অন্তর্ভুক্ত একজন উপসচিবের জন্য মাঠ পর্যায়ে গৃহীত উন্নয়ন প্রকল্প সমূহের পরিদর্শন ও সৃষ্টি তদারকির জন্য পূর্বের ন্যায় জেলা পরিষদের নিজস্ব তহবিলের আওতায় কনডেমকৃত পাজেরো স্পোর্টস জিপ গাড়ি প্রতিস্থাপন হিসাবে (১৬৭.০০ × ২) = ৩৩৪.০০ (তিন কোটি চৌত্রিশ লক্ষ) টাকা ব্যয়ে ০২ (দুই)টি মিতসুবিশি পাজেরো স্পোর্টস QX মডেলের গাড়ি ক্রয়ের অনুমোদন প্রদানের জন্য সিলেট জেলা পরিষদ হতে অনুরোধ জানানো হয়েছে।

এমতাবস্থায়, পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ যথাযথভাবে অনুসরণের শর্ত এবং ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরে সিলেট জেলা পরিষদের রাজস্ব তহবিলের স্থিতি/এফডিআর থাকায় এবং জেলা পরিষদের টিওএন্ডইভুক্ত ০২(দুই)টি গাড়ির কোনটি না থাকায় দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম পরিচালনার সুবিধার্থে (১৬৭.০০ × ২) = ৩৩৪.০০ (তিন কোটি চৌত্রিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে টিওএন্ডইভুক্ত জেলা পরিষদের প্রশাসক/চেয়ারম্যান-এর জন্য ০১(এক)টি এবং প্রধান নির্বাহী কর্মকর্তা-এর জন্য (০১)টিসহ মোট ০২(দুই)টি জিপ গাড়ি প্রতিস্থাপনের বিষয়ে পুনঃবিবেচনাপূর্বক সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

  
খোন্দকার ফরহাদ আহমদ  
উপসচিব

ফোন : +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
ইমেইল : lgzp@lgd.gov.bd


সচিব  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.০২৬.০০৬.১৮.৭৬৭

তারিখ : ১৬ বৈশাখ ১৪৩৩  
২৯ এপ্রিল ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. প্রশাসক, জেলা পরিষদ, সিলেট;
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট;
৫. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা;
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।

  
খান্দকার ফরহাদ আহমদ  
উপসচিব

